যুগান্তর

JUL 02 2002

# ছাত্রলীগের ঢাবি সম্মেলন ৭ জুলাই কমিটিতে স্থান পেতে জোর লবিং

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

আগামী ৭ জুলাই ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলন। টিএসসি মিলনায়তনে অনুষ্ঠিতব্য সম্মেলনে প্রধান অতিথি থাকবেন আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা। প্রায় ৪ বছর পর এ সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। সম্মেলনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় শাখার নতুন কমিটি গঠিত হবে। কমিটিতে স্থান পেতে প্রার্থীরা জোর লবিং-গ্রুপিং শুরু করেছেন। মধুর কেন্টিন, কেন্দ্রীয় কার্যালয় এবং ধানমন্ডির আওয়ামী লীগ অফিসে তাদের নিয়মিত উপস্থিতি সাংগঠনিক কর্মকাণ্ডে নতুন মাত্রা যোগ

সম্মেলন : পৃষ্ঠা : ৭ কলাম : ৬

## সম্মেলন : ছাত্রলীগ

(৩য় পৃষ্ঠার পর)

করেছে। আওয়ামী লীগ ও ছাত্রলীগের সাবেক ও বর্তমান নেতৃবৃন্দের বাসায়ও তারা যাচ্ছেন 'আশীর্বাদ'-এর আশায়। সভাপতি ও সাধারণ সম্পাদক পদে সম্ভাব্য প্রার্থীদের তালিকায় রয়েছেন বর্তমান কমিটির সাংগঠনিক সম্পাদক দেলোয়ার হোসেন, শহীদুল্লাহ হলের সভাপতি হেমায়েত উদ্দিন হিমু, সূর্যসেন হলের সভাপতি মুনির হোসেন, জগন্নাথ হলের সাধারণ সম্পাদক পঙ্কজ সাহা, ফজলুল হক হলের সভাপতি সাইফুন্নবী সাগর, সাধারণ সম্পাদক ইলিয়াস হোসেন, কেন্দ্রীয় নেতা মৃধা শাহজাহান ইসলাম রুচি এবং মৈত্রী হলের সাধারণ সম্পাদক অপর্ণা পাল। এছাড়াও রয়েছেন বিপ্লব সরকার, আলমগীর হাসান, মাহমুদ হাসান, দেবাশিষ বিশ্বাস, এমদাদ হাওলাদার, আবুল কালাম আজাদ, মঞ্জু-ই-এলাহী, মনিরুল আলম মাসুম ও আবদুল মালেক। সংগঠন সূত্র জানিয়েছে, বিশ্ববিদ্যালয় শাখার নেতা নির্বাচনে নিয়মিত ছাত্রত্ব এবং ১ অক্টোবরের পরেও সাংগঠনিক কর্মকাণ্ডে সক্রিয়তা জোরালোভাবে বিবেচনা করা হবে। এর বাইরে শরীয়তপুর-মাদারীপুর, বরিশাল, বাগেরহাটসহ বিভিন্ন এলাকাভিত্তিক গ্রুপিং এবং সংখ্যালঘুদের প্রতিনিধিত্বের বিষয়গুলোও বিবেচনায় থাকবে। তবে সিলেকশন, নাকি ইলেকশনের ভিত্তিতে নেতা নির্বাচন করা হবে তা এখনও চূড়ান্ত হয়নি। নির্বাচনের মাধ্যমে কেন্দ্রীয় কমিটি গঠিত হওয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলনেও অনেকেই নির্বাচন প্রত্যাশা করছেন। এ ব্যাপারে সাবেক ছাত্রলীগ নেতা ওবায়দুল কাদের বলেছেন, প্রথমে সমঝোতার চেষ্টা করা হবে। তা না হলে নির্বাচন হবে।

১৯৯৮ সালের ২২ অক্টোবর সম্মেলনের মাধ্যমে সাজ্জাদ হোসেনকে সভাপতি ও একেএম আজিমকে সাধারণ সম্পাদক করে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা কমিটি গঠিত হয়েছিল। উচ্চশিক্ষার জন্য সাজ্জাদ হোসেন বিদেশ চলে যাওয়ায় বেগ শাহীনকে ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব দেয়া হয়। সম্মেলনকে সামনে রেখে সম্প্রতি তাকে সভাপতির পূর্ণ দায়িত্ব দেয়া হয়েছে।